হজ এবং উমরার নির্দেশনা

أنجليزي

মক্কায় আগমন	-	তাওয়াফ করা (তাওয়াফে কুদুম)
৮ই জিলহজ্জ	-	ইহরামের কাপড় পরিধান
		মিনায় অবস্থান
৯ই জিলহজ্জ	-	আরাফায় অবস্থান
		মুযদালিফায় অবস্থান
১০ই জিলহজ্জ	-	পিলারে পাথর নিক্ষেপ
		কুরবানীর কাজ সম্পন্ন করা
		মাথা মুন্ডন করা
		তাওয়াফ করা (তাওফাফে ইফাদা করা)
১১,১২,১৩ই জিলহজ্ব	-	পাথর নিক্ষেপ করার জন্য মিনায় অবস্থান
মক্কা পরিত্যাগ করা	-	তাওয়াফ করা

উমরা

১. ইহরাম- মিকাত পৌঁছার পূর্বে

ইহরামের পূর্বে: মাথা মুন্ডন করা, নখ কাটা এবং নিজেকে পরিষ্কার পরিচ্ছন্ন করা। গোসল করে ওজু করা।

ইহরামের কাপড় পরিধান করা: ২টি সাদা পোশাক পুরুষের জন্য এবং মহিলাদের জন্য নিয়মিত পোশাক। ইহরাম বাঁধার সময় মহিলাদের মুখ ঢাঁকা এবং পুরুষদের জন্য ইহরামের সময় তাদের মাথা ঢাকা উচিৎ নয়। ইহরাম বাঁধার স্থানে অবস্থান করা।

যে কোন ভাষায় ইহরামের নিয়াত করা এবং পাঠ করা

لَبَّيْكَ اللَّهُمَّ بِعُمْرَةَ

বাংলা উচ্চরণ: লাব্বাইক আল্লাহুম্মা উিমরা

অনুবাদ: হে আল্লাহ আমি উমরার জন্য এখানে নিয়াত করছি।

তালবিয়া পাঠ করা:

لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْك، لَبَّيْكَ لا شَرِيْكَ لَكَ لَبَّيْك،
إنَّ الْحَمْدَ وَ النِّعْمَةَ لَكَ وَ الْمُلْكُ لا شَرِيْكَ لَك

বাংলা উচ্চরণ: লাব্বাইক আল্লাহুমা লাব্বাইক, লাব্বাইক লা শারিকা লাকা লাব্বাইক

অনুবাদ: আল্লাহ তোমার নিকট আমি হাজির। হে আল্লাহ আমি হাজির! আমি হাজির, তোমার কোন অংশীদার নেই। আমি হাজির নিশ্চয় সবরকম প্রসংশা ও নিআমাত তোমারই এবং বাদশাহী তোমারই তোমার কেউ সমতুল্য নেই।

মসজিদে গিয়ে পুরুষেরা উচ্চ স্বরে এবং মহিলারা নিচু স্বরে উক্ত দুয়াটি পাঠ করবে।

উমরা (পায়ে হেটে যাওয়া)

মসজিদে হারামে ডান পা রেখে প্রবেশ এবং পাঠ করা:

بسم الله اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَ سَلِّم،
اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِك

বাংলা উচ্চরণ: বিসমিল্লাহি আল্লাহুম্মা সাল্লিআলা মুহাম্মাদ ওয়া সাল্লামা আল্লাহুম্মা ইফ্তাহলি আবওয়াবা রহমাতিকা।

অনুবাদ: আল্লাহর নামে মুহাম্মাদ এর উপর দরুদ ও সালাম প্রেরণ করছি। হে আল্লাহ" আমার জন্য তোমার রহমতের দরজা খুলে দাও।

♦ তাওয়াফের জন্য নিয়ত করা.

২. তাওয়াফ: (৭ বার কাবা তাওয়াফ করা)

♦ যাত্রা শুরু করার পূর্বেই অর্থাৎ তাওয়াফ করার আগে এবং পুরুষেরা ডান কাঁধ খোলা রেখে বগল এর নিচ দিয়ে পিছনে কাপড় দিতে হবে।



প্রত্যেককে ডানদিক দিয়ে সামনের দিকে অগ্রসর হতে হবে এবং বলতে হবে।

اللَّهُ أكْبَر

আল্লাহ আকবার (আল্লাহ মহান)

♦ পুরুষের জন্য প্রথম তিনবার (তিন পাক) দ্রুত হাটা অবশ্যক এবং চারবারের বেলায় সাধারণভাবে শেষ করতে হবে। এবং সাতবার দ্রুতভাবে তাওয়াফ করতে হবে এবং দু'আ করতে হবে। [৩]

♦ তাওয়াফ করার সময় দোয়া পড়তে হবে ইহা রাসূল (স). এর সুন্নত এবং লক্ষ্য রাখতে হবে যখন আর্ রুকনুল ইয়ামানী এর মাঝে আসবে তখন এ দুয়া পড়তে হবে। [৪]

رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَ فِي الآخِرَةِ
حَسَنَةً وَ قِنَا عَذَابَ النَّار

বাংলা উচ্চরণ: রাব্বানা আতিনা ফিদ্দুনিয়া হাসানাতাও ওয়াফিল আখিরাতি হাসানাতাও ওয়া কিনা আজাবান-নার।



অনুবাদ: হে আমার রব আমাকে দুনিয়া এবং আখেরাতের কল্যান দাও এবং জাহান্নামের আগুন থেকে মুক্তি দাও।

♦ যখন তাওয়াফ শেষ হবে তখন ডান কাঁধ ঢেকে নিবে এবং দুই রাকাত মাকামে ইবরাহীম এর পিছনে নামাজ পড়বে অথবা হারামের যেকোন জায়গায়। প্রথম রাকাতে সূরা ফাতেহার পর সূরা কাফিরুন পড়বে এবং দ্বিতীয় রাকাতে ফাতেহার সাথে সুরা এখলাস পড়বে।

♦ জমজমের পানি পান করা ও দোয়া করা

৩. সায়ি করা (৭ বার সাফা মারওয়া)

সায়ি শুরু করা: সাফা থেকে মারওয়া, মারওয়া থেকে সাফা সায়ি শুরু করা। যখন সবুজ বাতিগুলো জ্বলবে শুধু পুরুষেরা এক আলো থেকে অন্য আলো দৌড়াবে। যখন সাফার দিকে দৌড়াবে তখন পাঠ কর

إنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ فَمَنْ
حَجَّ الْبَيْتَ أوِ اعْتَمَرَ فَلاَ جُنَاحَ عَلَيْهِ أنْ يَطَّوَّفَ
بِهِمَا وَمَنْ تَطَوَّعَ خَيْراً فَإنَّ اللَّهَ شَاكِرٌ عَلِيم

বাংলা উচ্চরণ: ইন্নাস-সফা ওয়াল মারওয়াতা মিন শআইরিল্লহ ফামান হাজ্জাল বায়তা আবি ইতিমারা কালা জুনাহা আলাইহি আই ইয়াত্ তাও-ওয়াফা বিহিমা ওয়ামান তাতাওয়া খাইরান ফা ইন্নাল্লাহা শাকিরুন আলিম।

অনুবাদ: নি:সন্দেহে সাফা ও মারওয়া আল্লাহর নিদের্শ বলীর মধ্যে অন্যতম। সুতরাং যারা কাবা ঘরে হজ্জ ও উমরা পালন করে, তাদের পক্ষে এ দুইটিতে প্রশিক্ষণ করতে কোন দোষ নেই। বরং কেউ যদি নিজ ইচ্ছায় নেকীর কাজ করে তবে আল্লার তায়ালা অব্যশই অবগত হবেন। এবং তার আমল এর প্রতিদান দিবে



প্রত্যেক round শেষ করার সময় পাঠ কর

اَللَّهُ أكْبَر، اَللَّهُ أكْبَر، اَللَّهُ أكْبَر
لا إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لا شَرِيْكَ لَه، لَهُ الْمُلْكُ وَ لَهُ الْحَمْدُ
يُحْيِي وَ يُمِيْتُ وَ هُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْر؛
لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَه، أَنْجَزَ وَعْدَهُ
وَ نَصَرَ عَبْدَهُ وَ هَزَمَ الأَحْزَابَ وَ حْدَه

বাংলা উচ্চরণ: আল্লাহু আকবার, আল্লাহু আকবার আল্লাহু আকবার লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু লা শারিকালাহু লাহুল মুলকু ওয়ালাহুন হামদু ইউহি ওয়া ইউমিতু ওয়াহুয়া আলা কুল্লি শাইয়িন কাদির, লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু লা শারিকালাহু আনজাযা ওয়াআদাহু লা নাসারা আব্দুহু ওয়া হাযামাল আহ্যাবা ওয়াহদাহু।

অনুবাদ: আল্লাহ মহান, আল্লাহ মহান, আল্লাহ মহান। আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই, তিনি এক তার কোন শরীক নেই, রাজত্ব তাহারই এবং প্রশাংসা তারই। তিনি জীবন দান করেন এবং মৃত্যু দেন এবং তিনিই প্রত্যেকের উপর ক্ষমতাবান। আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি এক তার কোন শরীক নেই এবং তিনি তার ওয়াদা পূর্ণ করেছেন। এবং তিনি তার বান্দাহকে সাহায্য করেছেন এবং তিনি একাই সকল দলকে ব্যর্থ করেছেন।

৪. মাথা মুন্ডন করা/ পরিষ্কার পরিচ্ছন্ন হওয়া ✂

সায়ি করার পরে পুরুষেরা মাথা মুন্ডন অথবা মাথার সমস্ত চুল খাটো করে নিবে এবং মহিলাগণ আঙ্গুলের তিন ভাগের একভাগ সমান চুল কাটবে এবং মসজিদে হারাম ত্যাগ করার সময় বাম পা আগে দিবে। এবং তেলাওয়াত করবে:

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَ سَلِّم،
اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ فَضْلِك

বাংলা উচ্চরণ: আল্লাহুম্মা সাল্লিআলা মাহাম্মাদ ও সাল্লাম। আল্লাহুমা ইন্নি আস্ আলুকা ফিন ফাযলিকা

অনুবাদ: হে আল্লাহ! মুহাম্মাদ (স.) এর উপর শান্তি সালাম প্রেরণ করুন। হে আল্লাহ। নিশ্চিয়ই আমি তোমার কাছে অনুগ্রহ চাই।

*ইহারাম ত্যাগ করবে। এখন উমরার সমস্ত নির্দেশনা কার্যকলাপ শেষ এবং উমরা পরিপূর্ণ। এবং ৮ই যিলহজ্জ সকালের জন্য অপেক্ষা করবে।

♦ যেকোন ব্যক্তি তিনটি উপয়ে হজ্জ সম্পূর্ণ করতে পারে।

♦ প্রথমে উমরা পালন করার পর নতুন ভাবে ইহরাম বেধে হজ্জ পালনের এই উপায়কে হজ্জে তামাত্তু বলে। এটাই হল তিনটি উপায়ের মধ্যে সবচেয়ে উত্তম হজ্জ বলে বিবেচিত।

♦ উমরা এবং হজ্জ একই ইহরামে সম্পূর্ণ করাকে হজ্জে কিরান বলে।

♦ উমরা ব্যতীত শুধু মাত্র হজ্জ করাকে হজ্জে ইফরাদ বলে।

হজ্জের নির্দেশনা

৮ই জিলহজ্জ: ইহরাম অবস্থায় প্রবেশ করা।

♦ হজ্জের জন্য নিয়াত করা এবং তেলাওয়াত করতে হবে

لَبَّيْكَ اللَّهُمَّ بِحَجِّ

বাংলা উচ্চরণ: লাব্বাইক আল্লাহুম্মা বিহাজ্জিন

হে আলাহ এখানে আমি উপস্থিত এবং হজ্জের জন্য নিয়াত করছি। কিবলার দিকে মুখ করে দাড়িয়ে তালবিয়া পাঠ করতে হবে।

لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْك، لَبَّيْكَ لا شَرِيْكَ لَكَ لَبَّيْك،
إنَّ الْحَمْدَ وَ النِّعْمَةَ لَكَ وَ الْمُلْكُ لا شَرِيْكَ لَك

বাংলা উচ্চরণ: লাব্বাইক আল্লাহুমা লাব্বাইক, লাব্বাইক লা শারিকা লাকা লাব্বাইক

অনুবাদঃ আল্লাহ তোমার নিকট আমি হাজির! হে আল্লাহ আমি হাজির! আমি হাজির! তোমার কোন অংশীদার নেই। আমি হাজির নিশ্চয় সবরকম প্রশাংসা ও নিআমত তোমারই এবং বাদশাহী তোমারই, কেউ তোমার সমতুল্য নেই।

♦ ফজর নামাজের পর এবং যোহরের পূর্বেই মিনায় যেতে হবে।

♦ মিনায় অবস্থানকালে কারণীয়



আসর, মাগরিব ও এশার নামাজ আদায় করাসহ সারাদিন ইবাদত করতে হবে।

৯ই জিলহজ্জ আরাফায় অবস্থান

ফজর নামাজ মিনায় পড়ে সূর্য ওঠার পর আরাফায় যেতে হবে। যদি সম্ভব হয় তাহলে নামিরায় অবস্থান করতে হবে। যেটি হলো আরাফার নিকটে। সেখানে একটি মসজিদ আছে। যখন সূর্য ঠিক খাড়া হবে তখন মসজিদে অবস্থান করে খুতবা শুনতে হবে। যদি সম্ভব না হয় তাহলে ওয়াদা করতে হবে যে সূর্য ডোবার আগ পর্যন্ত আরাফায় অবস্থান করতে হবে। জাবালে রহমানের নিকট দাঁড়াতে হবে যদি সম্ভব না হয় তাহলে আরাফায় যে কোন স্থানে দাঁড়াতে হবে। এবং কিবলার দিকে মুখ করে ডান হাত উঠিয়ে তালবিয়া পাঠ করতে হবে।

لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَه، لَهُ الْمُلْك،
وَ لَهُ الْحَمْد، وَ هُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْر

বাংলা উচ্চরণঃ লা ইনাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারিকা লাহু লাহুল মুলকু ওয়ালা হুল হামদু, ওয়া হুয়া আলা কুল্লি শাইয়িন কাদির।

অনুবাদঃ আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই, তিনি এক তার কোন শরীক নেই, রাজত্ব তারই। এবং প্রশাংসা তারই জন্য এবং তিনি প্রত্যেকের উপর ক্ষমতাবান।

* মুযদালিফায় অবস্থানঃ মাগরিব এবং এ'শার নামাজ একসাথে পড়তে হবে। মিনায় অথবা মুযদালিফায় ৭০টি পাথর নিক্ষেপ করার জন্য পাথর সংগ্রহ করতে হবে। সারারাত ইবাদত এবং ঘুম এর মাধ্যমে কাটাতে হবে। ফজর পর্যন্ত।

১০ই জিলহজ্জ (কুরবানির দিন)

♦ ফজর নামজ মুযদালিফায় পড়ে মিনার উদ্দেশ্যে মুযদালিফা ত্যাগ করে সূর্য উঠার পূর্বে পৌছাতে হবে। সূর্য ওঠার পর রাত পর্যন্ত সেখানে অবস্থান করতে হবে। যামরার দিকে মুখ করে বড় যামরায় তিনটি পাথর নিক্ষেপ করতে হবে। যামরা মুখী হয়ে মক্কাকে বাম দিকে এবং মিনাকে ডান দিকে রেখে ৭টি পাথর নিক্ষেপ করতে হবে এবং

اللَّهُ أَكْبَر
আল্লাহু আকবার
বলতে হবে।



♦ **কুরবানি সম্পূর্ণ করাঃ** কুরবানির পশু ক্রয় করতে হবে এবং নিয়াত করতে হবে। এবং মিনায় কুরবানি করার জন্য পশু নিয়ে আসতে হবে।

♦ **চুলকাটাঃ** ও পরিষ্কার পরিচ্ছন্ন হওয়াঃ কুরবানি করার পর পুরুষেরা মাথা মুন্ডন করবে অথবা চুল খাটো করতে হবে। এবং মহিলারা আঙ্গুলের তিন ভাগের একভাগ চুল কাটবে।

♦ ইহরাম ভেঙে দিতে হবে এবং মক্কা তাওয়াফ করার জন্য যেতে হবে। মক্কায় গিয়ে ১২ই জিলহজ্জ সূর্য ডোবা পর্যন্ত তাওয়াফ করতে পারবে। তারপর মসজিদে হারামে ডান পা দিয়ে প্রবেশ করতে হবে। এবং পাঠ করতে হবে।

(দুয়াটি উমরা অধ্যায়ে বর্ণিত হয়েছে।)

এবং হাজারে আসওয়াদ চুম্বন করতে হবে। এবং তাওয়াফ শেষে হলে মাকামে ইবরাহিমের পিছনে দুই রাকাত নামাজ আদায় করতে হবে। এবং যেকোন স্থানে নামাজ পড়তে সেখানে পড়তে না পারলে। প্রথম রাকাতে সূরা কাফিরুন এবং সূরা এখলাস দ্বিতীয় রাকাতে। জমজম এর পানি পান করতে এবং দোয়া করতে হবে।

* সায়ি সম্পূর্ণ করতে হবে। আবার মিনায় ফিরতে হবে এবং বাম পা দিয়ে মসজিদে থেকে বের হতে হবে। এবং দোয়া বলতে হবে।
(দুয়াটি উমরা অধ্যায়ে বর্ণিত হয়েছে।)

১১ই জিলেহজ্জঃ

♦ তাওয়াফ কাজ শেষ করে পানি পান করে দুই রাকাত নামাজ পড়ে মিনায় ফিরে যেতে হবে।

Stay in Mina for Stoning

❸❷❶

পাথর নিক্ষেপ করার জন্য মিনায় অবস্থানঃ সূর্য ডোবার আগ পর্যন্ত মাথার উপরে সূর্য আসা থেকে তিনটি মক্কাকে বামদিকে এবং মিনাকে ডান দিকে করে প্রত্যেক যামরায় ৭টি করে পাথর নিক্ষেপ করতে হবে। এবং আল্লাহু আকবার বলতে হবে। প্রথমে কিবলার দিকে মুখ করে প্রথম জামরায় ডান হাত দিয়ে পাথর নিক্ষেপ করতে হবে। দ্বিতীয় জামরায় মক্কাকে বাম দিকে করে মিনাকে ডানদিকে করে ৭টি পাথর নিক্ষেপ করতে হবে। এবং বলতে হবে।

اللَّهُ أَكْبَر

বাংলা উচ্চরণঃ আল্লাহু আকবার

দ্বিতীয় জামরায় মক্কাকে বাম দিকে করে মিনাকে ডানদিকে করে ৭টি করে পাথর নিক্ষেপ করতে হবে এবং বলতে হবে

اللَّهُ أَكْبَر

বাংলা উচ্চরণঃ আল্লাহু আকবার

এবং তৃতীয় জামরায় মক্কাকে বামদিকে রেখে মিনাকে ডানদিকে রেখে ৭টি করে পাথর মারতে হবে। এবং বলতে হবে।اللَّهُ أَكْبَر

বাংলা উচ্চরণঃ আল্লাহু আকবার

১২ই জিলহজ্জঃ

তাওয়াফ শেষ করে মক্কায় যেতে হবে। এবং সেখানে তাওয়াফ করতে হবে আর দুই রাকাত সালাত আদায় করতে হবে সায়ি করতে হবে, পানি পান করতে হবে এবং মিনায় আবার ফিরে আসতে হবে। এ কাজের সময় হল যোহর থেকে রাতের আগ পর্যন্ত। এসে সাতটি করে পাথর মারতে হবে। সম্ভব হলে মক্কার উদ্দেশ্যে মিনা ত্যাগ করতে হবে সূর্য ডোবার আগে। যদি ত্যাগ করতে না পারা গেলে তাহলে মিনায় অবস্থান করতে হবে।

১৩ই জিলহজ্জ

যদি মিনা ত্যাগ করা সম্ভব না হয় তাহলে ফজর নামাজ পড়ে তিনটি জামরায় ৭টি করে পাথর মারতে হবে। এবং মিনা ত্যাগ করে মদিনা যেতে হবে। মক্কা পরিত্যাগ করার পূর্বে তাওয়াফ কাজ শেষ করতে হবে। এটাই হল শেষ কাজ।

Footnotes

1 If possible, cling to area between the corner of al-Hajarul-Aswad (The Black Stone) and the door, placing the chest, face and forearms upon this area.

2 If possible, touch The Black Stone with the right hand and also kiss it, then prostrate on it - this is best; if not, then touch it with the right hand then kiss the right hand; if not, simply make a sign towards it with the right hand.

3 There is no specific Du'aa during the walk around the Ka'bah, apart from what has been mentioned for between The Yemeni Corner to The Black Stone. You can therefore recite the Quran or any Du'aa as you please.

4 If possible, touch Ar-Runnel-Yamani (Yemeni Corner) each time (but do not kiss it) - this is best; if not, then do not make any sign towards it.

5 From wherever you are residing - hotel, house, etc.

6 Pray two Fard each for Zhuhur, 'Asr and 'Isha. Maghrib is not shortened, and remains three Fard. 'Isha to be followed by Witr.

7 A place close to 'Arafah - there is now a Masjid there. If this is not possible, it is permissible to proceed to 'Arafah.

8 It is also possible to make Tawaaf ul Ziyarrat if it was not made on the 10th. *Women should allow extra days for Tawaf in Makkah in case of menses.

9 For an English translation, see page 1.

10 Should you pass through valley Muhassar, then hurry through it.

11 They are all the same in size. You can also pick the pebbles in Mina. You will need only 7 pebbles on the 10th, and 42 afterwards (49 total). You will need 21 extra pebbles if you are staying for the 13th of Dhul-Hijjah (70 total).They must not be bigger than a chick-pea. (Approximately 1cm across = 0.39 inches).

12 It is permissible to perform Tawaaful-Wadaa' on 12th day of Dhul-Hijjah (as long as you leave Mina before sunset), thus missing the recommended (but not compulsory) day of stoning.

মদিনা পরিদর্শন, অর্থাৎ মসজিদে নবনী কুবা

হজ্জের এবং উমরার জন্য মদিনা পরিদর্শন বাধ্যতা নয়। তবে সেখানে বড় উপাত্যকা রয়েছে। রাসূল (স.) বলেন যে মসজিদে নববীতে এক রাকাত নামাজ পড়লে মসজিদে হারাম ব্যতীত অন্য মসজিদে নামাজ পড়লে এক হাজার রাকাত এর শোয়াব পাওয়া যায়। এবং মসজিদে হারামে এক রাকাত অন্য মসজিদে ১০০ রাকাত নামাজ পড়ার সমান।

* তিনি আরো বলেন কেউ যদি ওজু করে মসজিদে কুবায় নামজ পড়তে পারবে কারণ এটা হল লামের প্রথম মসজিদ। (আর এই নিয়মটিই উমরার জন্য)

Hajj Metro Train During Hajj

Hajj pilgrims traveling by the metro train will board and depart from Arafat - Muzdalifah - Mina - Jamarat at 3 tent-shaped stations for each area based on the colored bracelet given to them.



Station 1	Station 2	Station 3
Mina 1	Mina 2	Jamarat (Mina) 3
Arafat 1	Muzdalifah 2	Muzdalifah 3
Muzdalifah 1	Arafat 2	Arafat (Mina) 3

Blue, yellow, or green bracelets will be given to pilgrims who purchase them before Hajj.

Don't forget to:♦Pay all debts♦Redress all wrongs ♦Write your will

♦ **Hajj Mabrur (An accepted Hajj).**
♦ **Your Hajj is now complete.**
♦ **May Allah (SWT) accept your Hajj.**

For more copies:
The Islamic Bulletin,
PO Box 410186, SF, CA 94141 USA
♦E-Mail: info@islamicbulletin.org
♦ Web: www.islamicbulletin.org Hajj Guide
English أنجليزي

رقم اذن بطبع ٥٢٠٩/م /ج في ٣٠ / ١٢/ ١٤٣١